

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল  
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)  
www.barisal.gov.bd

স্মারক নম্বর ০৫.১০.০৬০০.১০১.৫০.০০২.২২.৬০৬

তারিখ: ১১ গৌষ ১৪৩০  
২৬ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি


নির্বাচন কমিশন সচিবালয়ের ২৪ ডিসেম্বর, ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩.৮৩০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা হতে ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত সমগ্র বরিশাল জেলায় নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

- |                    |                |
|--------------------|----------------|
| (১) ট্যাক্সি ক্যাব | (৩) মাইক্রোবাস |
| (২) পিক আপ         | (৪) ট্রাক      |

০২। সেই সাথে ০৫ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৮ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। উল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবেঃ

- (ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
- (খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
- (গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;
- (ঘ) রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট;
- (ঙ) রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল;
- (চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল; এবং
- (ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় চলাচল।

  
(শহিদুল ইসলাম)  
জেলা ম্যাজিস্ট্রেট  
বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪৪২৯


ই-মেইল: dcbarishal@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.১০.০৬০০.১০১.৫০.০০২.২২.৬০৬/১(২০)

তারিখ: ১১ পৌষ ১৪৩০  
২৬ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, বরিশাল
৫. পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল
৬. পুলিশ সুপার, বরিশাল
৭. অধিনায়ক, র‍্যাব-৮, বরিশাল
৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বরিশাল
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বরিশাল
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....বরিশাল। বিজ্ঞপ্তিটি বহল প্রচার করার অনুরোধসহ।
১১. পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, বরিশাল। তাঁকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

  
২৬/১২/২০  
জেলা ম্যাজিস্ট্রেট  
বরিশাল